দৈনিক ইত্তেফাক

১৪/৯/২০০১

তারিখ ... পৃষ্ঠা 2 কলাম 2

২০ সেপ্টেম্বর পর্যন্ত সকল পরীক্ষা স্থগিত

# ঢাঃবিঃ অচল করে রাখার পরিকল্পনা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আগামী ১ অক্টোবরের অনুষ্ঠিতব্য জাতীয় সংসদ নির্বাচন পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়কে অচল রাখার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরিকল্পনা গ্রহণ করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে কর্তৃপক্ষ একের পর এক পরীক্ষা স্থগিত ঘোষণা করছে। গতকাল (বৃহস্পতিবার) সিন্ডিকেটের এক সভায় পরীক্ষা স্থগিতের মেয়াদ আরো এক সপ্তাহ বাড়িয়েছে। সিন্ডিকেটের সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন ও কার্জন হল পরীক্ষা কেন্দ্রসহ ইনস্টিটিউটসমূহে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা আগামী ২০ সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয়। যদিও স্থগিতের মেয়াদ এক সপ্তাহ বাড়ানো হয়েছে কিন্তু চলতি সেপ্টেম্বর মাসে আর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না বলেই ধারণা করা হচ্ছে।

গত ১৮ আগস্ট হতে ছাত্রদলের দ্বিতীয় দফা লাগাতার ধর্মঘটের ২৬ দিন অতিবাহিত হওয়ার পরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অচলাবস্থা নিরসনে কার্যকর কোন প্রদক্ষেপ গ্রহণ করতে ব্যর্থ হয়েছে। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রায় ১৫ হাজার ছাত্রছাত্রীর ৪২৪টি পরীক্ষা স্থগিত হয়ে গেছে। এ ব্যাপারে অধিকাংশ শিক্ষক ও ছাত্রছাত্রীর অভিমত হচ্ছে ক্যাম্পাসে ছাত্রদলের দ্বিতীয় দফা ধর্মঘট শুরু হওয়ার পর যদি এক সপ্তাহ বা ১০ দিনের জন্য বিশ্ববিদ্যায়ের হলসমূহ সম্পূর্ণ খালি করে দিত তা হলে বহু আগেই সংকটের অবসান ঘটতো। কিন্তু হল সম্পূর্ণ খালি করলে হলগুলোতে ছাত্রলীগের নিয়ন্ত্রণ দুর্বল হয়ে পড়বে– এ আশংকায় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেনি। ফলে ছাত্র ধর্মঘটও অব্যাহত রয়েছে। অচলাবস্থারও নিরসন হয়নি।